বরিশালের মুলাদীতে সড়ক দুর্ঘটনায় উপসচিবের মৃত্যু

written by Chandradip News24 | December 7, 2024

বরিশালের মুলাদী উপজেলায় সড়ক দুর্ঘটনায় শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের উপসচিব ড. মো. ফরহাদ হোসেন (৫৩) নিহত হয়েছেন।

শুক্রবার (৬ ডিসেম্বর) বিকেল সোয়া ৫টার দিকে বরিশাল-মুলাদী সড়কের কাজীরচর হাওলাদার সেতু এলাকায় এ মর্মান্তিক দুর্ঘটনা ঘটে।

ড. ফরহাদ হোসেন মুলাদীর চরলক্ষ্মীপুর গ্রামের মাওলানা আব্দুল কাদেরের ছেলে। স্থানীয় একটি মাহফিলে অংশ নিতে তিনি মাহিন্দ্রা টেম্পুতে চরলক্ষ্মীপুর নন্দীরবাজার যাচ্ছিলেন।

প্রত্যক্ষদর্শীরা জানান, টেম্পুটি মীরগঞ্জ ফেরিঘাট থেকে চারজন যাত্রী নিয়ে মুলাদী শহরের দিকে যাচ্ছিল। দ্রুতগতির কারণে হাওলাদার সেতু এলাকায় মোড় অতিক্রম করার সময় চালক নিয়ন্ত্রণ হারালে টেম্পুটি উল্টে যায়। এতে ড. ফরহাদ গুরুতর আহত হন।

দুর্ঘটনার পর স্থানীয়রা আহতদের উদ্ধার করে মুলাদী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক ডা. সাইদুর

রহমান জানান, হাসপাতালে পৌঁছার আগেই ড. ফরহাদ মারা যান।

চরলক্ষ্মীপুর নন্দীরবাজার মাহফিল আয়োজন কমিটির সদস্য জয়নুল আবেদীন জানান, মাহফিলে প্রধান অতিথি হিসেবে যোগ দিতে তিনি ঢাকা থেকে রওনা হয়েছিলেন। তবে পথিমধ্যে এই দুর্ঘটনা ঘটে।

মুলাদী থানার ওসি জহিরুল আলম এই মৃত্যুর বিষয়টি নিশ্চিত করে বলেন, “দুর্ঘটনার কারণ খতিয়ে দেখা হচ্ছে। দ্রুতগামী ও নিয়ন্ত্রণহীন যানবাহনই দুর্ঘটনার মূল কারণ বলে ধারণা করা হচ্ছে।”

মো: আল-আমিন
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম